

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩১টি প্রতিষ্ঠানকে ২.৩৯ লক্ষ টাকা জরিমানা

২৩ নভেম্বর ২০১৬ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, কুমিল্লা, ভোলা, চুয়াডাঙ্গা ও পিরোজপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মধ্য বাড্ডা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সেক্সুরি সুইটস এন্ড বেকারীকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্লবী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলমগীর স্টোর ও শাহজালাল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জের দৌলতপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা এবং কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়র নেতৃত্বে পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Cafe Valentine, Meraki, Cafe Express ও Pizza House কে যথাক্রমে ৪,০০০/- (চার হাজার) টাকা, ৪,০০০/- (চার হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হয়।

আজকের ১০টি বাজার তদারকি ও ৪টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৩১টি প্রতিষ্ঠানকে মোট ২,৩৯,০০০/- (দুই লক্ষ উনত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৪ জন অভিযোগকারীকে মং ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক (কার্যক্রম)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।

২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।

৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও রংপুর মহানগর।

৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।

৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, কুমিল্লা, ভোলা, চুয়াডাঙ্গা ও পিরোজপুর।

৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কিশোরগঞ্জ, কুমিল্লা, ভোলা, চুয়াডাঙ্গা ও পিরোজপুর।

৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।

১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।